


বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন | ১১শ বর্ষ ৪র্থ সংখ্যা | অক্টোবর-ডিসেম্বর ২০২২খ্রি.

# মহান বিজয় দিবস উদযাপন






উপব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন

মহান বিজয় দিবসে রাজধানীর সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধ এবং ধানমন্ডিস্থ ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। ১৬ ডিসেম্বর সকাল ৯টায় জাতীয় স্মৃতিসৌধ এবং বেলা সাড়ে দশটায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে এ শ্রদ্ধা নিবেদনে নেতৃত্ব দেন প্রতিষ্ঠানটির উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আবদুল মান্নান জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত সামরিক বাহিনীর কুচকাওয়াজে সম্মানিত অতিথি হিসেবে অংশগ্রহণ করায় তাঁর পক্ষে জনাব চৌধুরী প্রতিষ্ঠানের কর্মসূচিতে নেতৃত্ব দেন।

বিএইচবিএফসি সদর দফতর এবং ঢাকা জেলাধীন সকল মাঠ কার্যালয়ের বিপুল সংখ্যক কর্মকর্তা-কর্মচারী এতে অংশগ্রহণ করেন। উল্লেখ্য, মহান মুক্তিযুদ্ধের চূড়ান্ত বিজয়ের এ দিনটি উদযাপনে বিএইচবিএফসি নানাবিধ কর্মসূচি গ্রহণ ও পরিপালন করে। এর অংশ হিসেবে গোপালগঞ্জের টুংগিপাড়ায় জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মধ্যদিয়ে শ্রদ্ধা নিবেদন করেন বিএইচবিএফসি, ফরিদপুর জোন ও গোপালগঞ্জ রিজিওনের ব্যবস্থাপকবৃন্দ।




ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

## ব্যবস্থাপক সম্মেলন অনুষ্ঠিত




প্রধান অতিথির বক্তব্য প্রদানরত এফআইডি সচিব

গত ২ ডিসেম্বর, শুক্রবার রাজধানীর বিদ্যুৎ ভবনস্থ কনফারেন্স কক্ষে বিএইচবিএফসি 'ব্যবস্থাপক সম্মেলন-২০২২' অনুষ্ঠিত হয়। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ(এফআইডি)'র সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ সম্মেলনটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, পর্ষদের সকল পরিচালক এবং এফআইডি'র উর্ধ্বতন নির্বাহীবৃন্দ বিশেষ ও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ সম্মেলনে উপস্থিত থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্ব ও সেশন পরিচালনা করেন। বিএইচবিএফসি'র মাঠ পর্যায়ের সকল অফিসের অফিস প্রধানদের অংশগ্রহণে প্রতিবছর এ সম্মেলনের আয়োজন করা হয়ে থাকে। এবছর সর্বমোট ৮৭টি মাঠ কার্যালয়ের ব্যবস্থাপকগণ সম্মেলনে অংশগ্রহণ করেন। এছাড়াও, সদর দফতরের সহকারী মহাব্যবস্থাপক ও তদুর্ধ্ব কর্মকর্তাবৃন্দ সম্মেলনে অংশগ্রহণ করেন।

উদ্বোধনী বক্তব্যে এফআইডি সচিব গৃহায়ণের ক্ষেত্রে সরকারিভাবে ঋণ প্রদানকারী সংস্থা হিসেবে বিএইচবিএফসি'র কর্মপরিধি বিষয়ে আলোচনার সূত্রপাত করে নিজ ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে রোল মডেল হিসেবে প্রতিষ্ঠার আহবান জানান। এক্ষেত্রে প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রত্যেককে সততা, দক্ষতা, প্রতিষ্ঠানের প্রতি ভালবাসা এবং প্রত্যয়ের সমাহার ঘটিয়ে নিজেকে প্রতিষ্ঠান তথা দেশের জন্য সম্পদে পরিণত করারও আহবান জানান। তিনি বিএইচবিএফসি'র সেবা সহজ ও সময় সাশ্রয়ীকরণের পাশাপাশি প্রতিষ্ঠানটিকে সর্বস্তরের মানুষের দোরগোড়ায় নিয়ে যাওয়া এবং সাধারণের চাহিদা পূরণের তাগিদ পুর্নব্যক্ত করেন।

## পঞ্চগড়ে বিএইচবিএফসি'র শাখা অফিস উদ্বোধন




প্রধান অতিথি হিসেবে উদ্বোধনী ফিতা কাটছেন এফআইডি সচিব

পঞ্চগড় জেলা সদরে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)-এর ৬৩তম শাখা অফিসের উদ্বোধন করা হয়েছে। গত ২৮ অক্টোবর পঞ্চগড়ের তেঁতুলিয়া রোডের অফিস অভ্যন্তরে আয়োজিত এক অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ অফিসটি উদ্বোধন করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ ও পঞ্চগড় জেলা প্রশাসক মো. জহুরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের উর্ধ্বতন নির্বাহী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, বিএইচবিএফসির ঋণ গ্রহীতা ও সেবা প্রার্থী, মিডিয়া কর্মী এবং প্রতিষ্ঠানটির রংপুর বিভাগের সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

পঞ্চগড়ে বিএইচবিএফসি'র গৃহঋণ ব্যবস্থা আগে থেকেই চালু রয়েছে। সংস্থাটির দিনজপুর প্রধান শাখা থেকে এ অঞ্চলে ঋণ সেবা কার্যক্রম পরিচালনা করা হতো। সরকারি বিশেষায়িত এ প্রতিষ্ঠানটির গৃহঋণ সেবা হাতের নাগালে নিয়ে আসার জন্য পঞ্চগড় জেলা সদরে একটি অফিস খোলার বিষয়ে জেলাবাসী দীর্ঘদিন যাবৎ দাবী করে আসছিলেন। এলাকায় নতুন এ অফিস চালুর ফলে প্রতিষ্ঠানটির ঋণ সেবা জনগণের হাতের নাগালে পৌঁছেছে উল্লেখ করে এর ফলে এ অঞ্চলে গৃহঋণের প্রবাহ অনেক বাড়বে এবং জনগণ ব্যাপকভাবে উপকৃত হবে বলে অনুষ্ঠানে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন। এফআইডি সচিব তাঁর বক্তব্যে ফসলী জমি রক্ষার উপর গুরুত্বারোপ করে বহুতল ভবন পদ্ধতিতে একই স্থানে বহুসংখ্যক মানুষের আবাসনের ব্যবস্থা করার জন্য সকলের প্রতি আহবান জানান।

# বিজয় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত



ব্যবস্থাপনা পরিচালক (বাঁ থেকে ২য়) এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনায় ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত পর্ষদ চেয়ারম্যান (ইনসেটে)

গত ১৮ ডিসেম্বর, রবিবার বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে ভার্চুয়াল প্লাটফর্মে 'মহান বিজয় দিবস' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় কর্পোরেশন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ মহোদয় প্রধান অতিথি ও মূখ্য আলোচক হিসেবে অংশগ্রহণ করেন। পর্ষদের দুই পরিচালক যথাক্রমে জনাব অমল কৃষ্ণ মন্ডল এবং জনাব তপন কুমার ঘোষ বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশ নেন। ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম, একজন করে উপমহাব্যবস্থাপক, জোনাল ও রিজিওনাল ম্যানেজার এবং অফিসার কল্যাণ সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গমাতা পরিষদ এবং কর্মচারী ইউনিয়নের প্রতিনিধি দিবসের তাৎপর্য এবং করণীয় বিষয়ে আলোচনা করেন। বিএইচবিএফসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ভার্চুয়ালি সভায় সংযুক্ত ছিলেন। উল্লেখ্য, মহান বিজয় দিবস-২০২২ উদযাপনে বিএইচবিএফসি নানাবিধ কর্মসূচী গ্রহণ ও পরিপালন করে। এরই অংশ হিসেবে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

# বিএইচবিএফসি-এডিবি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত



ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ভার্চুয়ালি সংযুক্ত এডিবি প্রতিনিধিবৃন্দ (ইনসেটে)

গত ২১ ডিসেম্বর, বুধবার বিএইচবিএফসি ভবনে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে এক দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান সভায় সভাপতিত্ব করেন। বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, সকল মহাব্যবস্থাপক ও বিভিন্ন বিভাগের উর্ধ্বতন নির্বাহী এবং এডিবি ঢাকা অফিসের সিনিয়র প্রজেক্ট ডিরেক্টর মোহাম্মদ তাজুল ইসলাম সভাস্থলে উপস্থিত ছিলেন। এডিবি'র ম্যানিলা অফিসের দুইজন আর্থিক সেক্টর বিশেষজ্ঞ যথাক্রমে ডং ডং জং এবং নানিয়াং জু ও প্রজেক্ট এসিস্ট্যান্ট আনা ডি গুজম্যান ভার্চুয়ালি সভায় অংশগ্রহণ করেন। 'এ্যাফর্ডেবল হাউজিং ডেভেলপমেন্ট' শীর্ষক এ সভায় বিএইচবিএফসি ও এডিবি'র যৌথ অর্থায়নে নিম্ন ও মধ্যম আয়ের পেশাজীবী শ্রেণীর মানুষের জন্য স্বাশ্রয়ী ও পরিবেশবান্ধব সবুজ গৃহায়ন ব্যবস্থা প্রতিষ্ঠায় অর্থায়নের বিভিন্ন দিক নিয়ে উভয় পক্ষের মধ্যে বিশদ আলোচনা হয়।

# গ্রীণ হাউজিং বিষয়ক সেমিনারে বিএইচবিএফসি




এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি), ভারতের আইআইএফএল হোম ফাইনান্স লি. এবং হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট (এইচবিআরআই) এর যৌথ উদ্যোগে 'Developing Green Affordable Housing in Bangladesh' শীর্ষক দিনব্যাপী এক সেমিনার গত ১৩ ডিসেম্বর, মঙ্গলবার রাজধানীর হোটেল শেরাটনে অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মূখ্য সচিব জনাব মো. তোফাজ্জল হোসেন মিয়া প্রধান অতিথি হিসেবে সেমিনারে উপস্থিত ছিলেন। সেমিনারে Green Affordable Housing বিষয়ে চারটি টেকনিক্যাল প্যানেল ডিসকাশন অনুষ্ঠিত হয়। এক নম্বর প্যানেলের আলোচনায় অংশগ্রহণ করে বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী প্রতিপাদ্য বিষয়ে মূল্যবান মতামত ব্যক্ত করেন। সহকারী মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ নজরুল ইসলাম দুই নম্বর প্যানেলের আলোচনায় অংশগ্রহণ করে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। কর্পোরেশনের সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব শাকিবুল আলম খান এবং প্রিন্সিপাল অফিসার জনাব মো. শফিউল বসর সেমিনারটিতে অংশগ্রহণ করেন।

চলমান বিভিন্ন কর্মসূচীর ধারাবাহিকতায় সাম্প্রতিক বছরসমূহে বিএইচবিএফসি বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাসমুহের সাথে এ ধরনের সেমিনারে অংশগ্রহণ করে আসছে। এর মধ্যদিয়ে দেশীয় ও আন্তর্জাতিক পরিসরে বিএইচবিএফসির ভাবমূর্তি বৃদ্ধির পাশাপাশি প্রতিষ্ঠানটির জন্য আর্থিক ও কারিগরি সহযোগিতার সুযোগ সৃষ্টি হচ্ছে।

# হিসাবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ২১ অক্টোবর, শুক্রবার বিএইচবিএফসি সদর দফতস্থ ট্রেনিং ইনস্টিটিউটে 'Financial Reporting and IT Based Accounting' শীর্ষক এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। কর্পোরেশনের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুই দিন ব্যাপী এ কোর্সটির শুভ উদ্বোধন ঘোষণা এবং একটি সেশন পরিচালনা করেন। ট্রেনিং ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠানে মহাব্যবস্থাপক (হিসাব) জনাব পারভীন আকতার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। হিসাবায়ন কাজে জড়িত বিভিন্ন গ্রেডের মোট ৩৩জন কর্মকর্তা-কর্মচারী কোর্সটিতে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। উল্লেখ্য, কর্পোরেশনের হিসাবায়ন প্রক্রিয়া আধুনিক ও সহজিকরণের লক্ষ্যে আইসিটি অপারেশন বিভাগ General Accounting Software (GAS) প্রস্তুত করে। এ সফটওয়্যারটি ব্যবহার করে ইতোমধ্যে দুটি অর্থ বছরের বার্ষিক হিসাব সমাপ্তির কাজ সম্পন্নও করা হয়েছে। দুই বছরের লব্ধ অভিজ্ঞতার আলোকে সফটওয়্যারটির প্রয়োজনীয় আপগ্রেডেশনের পর এ বিষয়ে এ কোর্সের আয়োজন করা হয়। পরবর্তীতে ৪-৫ নভেম্বর, ২০২২ কোর্সটির ২য় ব্যাচে ৩৪জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।




উদ্বোধনী সেশনে বক্তব্যরত ব্যবস্থাপনা পরিচালক (মাঝে)

# বিএইচবিএফসি - আইডিবি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত



আইডিবি প্রতিনিধি দলকে ফুলের তোড়া তুলে দিয়ে স্বাগত জানান পর্ষদ চেয়ারম্যান (প্রথম সারিতে বাঁ থেকে দ্বিতীয়)

ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) এবং বাংলাদেশ এর মধ্যে Member Country Partnership Strategy (MCPS) ২০২৩-২০২৫ প্রস্তুতের লক্ষ্যে আইডিবি'র Reconnaissance এবং Technical Mission এর অংশ হিসেবে বিগত অক্টেবরে বিএইচবিএফসি কর্তৃপক্ষের সাথে এক আলোচনা সভায় অংশগ্রহণ করে। আইডিবি'র পক্ষে Reconnaissance এবং Technical Mission এর সদস্য সিনিয়র প্রজেক্ট ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্ট জনাব ওয়াসিম আব্দুল ওয়াহাব, রিজিওনাল হাব, ঢাকার অপারেশন টিম লিডার জনাব আবু স্যান্ডি বুখারী, ফিল্ড প্রকিউরমেন্ট অফিসার জনাব মনিরুল ইসলাম এবং কনসালটেন্ট জনাব আরিফুল ইসলাম শাকিল আলোচনায় অংশগ্রহণ করেন। বিএইচবিএফসি'র পক্ষে পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বিএইচবিএফসি'র সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকগণ, প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

আলোচনা সভায় সদ্য সমাপ্ত রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট (প্রথম পর্যায়), প্রস্তাবিত রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফাইনান্স প্রজেক্ট- (দ্বিতীয় পর্যায়) এবং প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। এ সময় চেয়ারম্যান মহোদয় কর্পোরেশনের কার্যক্রম সম্পর্কে আইডিবি'র প্রতিনিধি দলকে অবহিত করেন এবং বিভিন্ন বিষয়ে মতামত ব্যক্ত করেন।

# শেখ রাসেল দিবস উদযাপন



ব্যবস্থাপনা পরিচালক (ডানে দ্বিতীয়) এঁর নেতৃত্বে শ্রদ্ধার্ঘ অর্পণ

গত ১৮ অক্টোবর, মঙ্গলবার নানা আনুষ্ঠানিকতার মধ্যদিয়ে যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস উদযাপন করে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। এদিন সকালে রাজধানীতে প্রতিষ্ঠানটির সদর দফতর বঙ্গবন্ধু প্যাভিলিয়নে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্যদিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান এঁর নেতৃত্বে প্রতিষ্ঠানটির সদর দফতরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দ শ্রদ্ধা নিবেদন কর্মসূচীতে অংশগ্রহণ করেন।

দিনের অপর এক কর্মসূচী হিসেবে উত্তরাস্থ বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এক আলোচনা সভা, মোনাজাত এবং শেখ রাসেলের জন্মদিনের কেক কাটা হয়। অপরাহ্নে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে সারাদেশে বিএইচবিএফসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের ভার্চুয়ালি যুক্ত করে 'শেখ রাসেলের জন্মদিন ও তাঁর জীবন' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটির মাঠপর্যায়ের সকল অফিসও নানা কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি উদযাপন করে।

# পর্ষদের তিনটি সভা অনুষ্ঠিত



৫১৭তম সভার একটি দৃশ্য

গত ৩০ অক্টোবর, ২৪ নভেম্বর ও ২২ ডিসেম্বর বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে পর্ষদের যথাক্রমে ৫১৭, ৫১৮ ও ৫১৯ -তম সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি সভায় সভাপতিত্ব করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ । পর্ষদের অপর চার পরিচালক যথাক্রমে জনাব অমল কৃষ্ণ মন্ডল, অতিরিক্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়; ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়; জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড উপস্থিত ছিলেন। এছাড়াও, উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।

# পর্ষদ অডিট কমিটির সভা



৪৯ তম সভার আলোকচিত্র

গত ৬ ডিসেম্বর ও ১৯ ডিসেম্বর বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষে পর্ষদ অডিট কমিটির যথাক্রমে ৪৯ ও ৫০তম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কর্পোরেশন পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক ও কমিটির সভাপতি ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়। সভায় পর্ষদের পরিচালক ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (ভার্চুয়ালি) এবং পরিচালক জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড উপস্থিত ছিলেন। এছাড়াও, উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুর এবং সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ  সভায় অংশগ্রহণ করেন।

# মাসিক সমন্বয় সভা

গত ২৮ ডিসেম্বর, বুধবার অপরাহ্ন ৩ টায় উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে কর্পোরেশনের ডিএমডি কনফারেন্স কক্ষে বিভাগসমূহের দৈনন্দিন কর্মকান্ডের অবস্থা পর্যালোচনা ও আন্তঃ বিভাগীয় সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্পোরেশনের সকল মহাব্যবস্থাপক, সকল বিভাগের বিভাগীয় প্রধান ও বিভাগ সমূহের ২য় জ্যেষ্ঠ কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায়  কর্পোরেশনের প্রতিটি বিভাগের পেন্ডিং কাজের অবস্থা, তা যথাসময়ে নিষ্পন্ন করার নির্দেশনা ও বিভিন্ন বিষয়ে কর্মকৌশল নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও, কর্পোরেশনের সামগ্রিক অগ্রগতি ভাবনা বিষয়ে সংশ্লিষ্টদের আইডিয়া ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে আলোচনা করা হয়।



নির্দেশনামূলক বক্তব্য রাখছেন উপব্যবস্থাপনা পরিচালক (মাঝে)

## স্ট্যান্ডিং কমিটির সভা



ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার আলোকচিত্র

গত ২০ নভেম্বর, রবিবার অপরাহ্ন ২টায় কর্পোরেশনের শীর্ষ পর্যায়ের নির্বাহীদের সমন্বয়ে গঠিত স্ট্যান্ডিং কমিটির ৬৬-তম সভা বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, কর্পোরেশনের সকল মহাব্যবস্থাপকবৃন্দ ও কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বিভিন্ন বিভাগের উল্লেখযোগ্য সংখ্যক গুরুত্বপূর্ণ এজেন্ডার উপর বিশ্লেষণধর্মী বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা পর্বে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ কর্তৃক উত্থাপিত প্রতিটি বিষয়ে উপস্থিত সকলের আলোচনা ও মতামত মূল্যায়ণান্তে ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধান্ত প্রদান করেন।

## লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা সভা

গত ৭ নভেম্বর, সোমবার পূর্বাহ্ন ১১টায় কর্পোরেশনের বার্ষিক লক্ষ্য অর্জন পরিস্থিতি পর্যালোচনার্থে পর্ষদ সভাকক্ষে এতদসংক্রান্ত মাসিক সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান সভায় সভাপতিত্ব করেন। উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ এবং সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপকগণ সভায় উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের সকল জোনাল, রিজিওনাল এবং শাখা ব্যবস্থাপকবৃন্দ সভায় ভার্চুয়ালি যুক্ত ছিলেন।

অর্থবছরের সেবা ও ব্যবসায় সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ কার্যালয়সমূহের পারফর্মেন্স মূল্যায়ন, প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস প্রধানদের বক্তব্য শ্রবণ এবং লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে অফিসগুলোকে পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করা হয়। সারা দেশের অফিসসমূহের পারফরমেন্স মনিটরিংয়ে মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকদের নেতৃত্বে গঠিত টিমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের দায়িত্ব পালনের বিষয়টিও সভায় পর্যালোচনা ও মূল্যায়ন করা হয়।



ব্যবস্থাপনা পরিচালকের নির্দেশনা অনুযায়ী এখন থেকে প্রতি মাসের ৭ তারিখ অথবা অব্যবহিত পরবর্তী কর্মদিবসে নিয়মিত ভিত্তিতে এ সভা অনুষ্ঠিত হবে।

## ব্যবসায় উন্নয়নে ব্যবস্থাপনা পরিচালকের জামালপুর সফর



সরকারি আশেক মাহমুদ কলেজে বৈঠকের একটি দৃশ্য

বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান গত ১৪, ১৫ ও ১৬ অক্টোবর জামালপুর ভ্রমণ করেন। এ তিন দিনে তিনি প্রতিষ্ঠানের সেবা ও ব্যবসায় উন্নয়নে জেলাটিতে ব্যস্ত সময় অতিবাহিত করেন। এসময় তিনি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান হিসেবে বিএইচবিএফসি'র কার্যক্রম তথা সরকারের পক্ষে দেশে গৃহায়ন সমস্যার সমাধানে প্রতিষ্ঠানটির ভূমিকা সম্পর্কে সুধীজনদের অবহিত করেন। মানুষের অন্যতম মৌলিক চাহিদা ও উন্নত জীবন-মানের নিয়ামকঃ উন্নত আবাসন বিনির্মানে বিএইচবিএফসি'র বিভিন্ন ঋণ সেবা বিষয়ে তিনি যথাক্রমে সরিষাবাড়ি উপজেলার ঐতিহ্যবাহী আরডিএম উচ্চ বিদ্যালয়, জামালপুর সদরে অবস্থিত সরকারি আশেক মাহমুদ কলেজ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক ও কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। তিনি তাঁদেরকে বিএইচবিএফসি'র দুর্নীতিমুক্ত, সহজ এবং দ্রুততর সেবা ব্যবস্থা বিষয়ে অবহিত করেন। তাঁর এ মতবিনিময়ের প্রেক্ষিতে প্রতিষ্ঠানসমূহ এবিষয়ে বিএইচবিএফসি'র সাথে দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষরে আগ্রহ প্রকাশ করে। বিএইচবিএফসি'র প্রধান নির্বাহী জামালপুর সফরকালে স্থানীয় রিজিওনাল অফিসের ঋণে নির্মাণাধীন একাধিক বাড়ি পরিদর্শন করেন। রিজিওনাল অফিসটির কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময়কালীন জনাব মান্নান সেবা বিতরণে সকলকে পেশাদারিত্বের সাথে সর্বোচ্চ আন্তরিকতা প্রদর্শন এবং ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে সর্ববিধ প্রচেষ্টা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

# জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা অনুষ্ঠিত

গত ৯ ডিসেম্বর, শুক্রবার বিএইচবিএফসি পটুয়াখালী শাখা অফিসে 'তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ' শীর্ষক এক সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের বরিশাল জোনের জোনাল ম্যানেজার জনাব এম এম জামিল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আবদুল মান্নান প্রধান অতিথি ও মূখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন। মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম বিশেষ অতিথি ও অন্যতম আলোচক হিসেবে প্রতিপাদ্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সরকারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক হিসেবে 'তথ্য অধিকার আইন ও বিধিবিধান' সম্পর্কে অনুরূপ জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। শাখা অফিসটির উল্লেখযোগ্য সংখ্যক ঋণগ্রহীতা, সেবাপ্রার্থী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও স্টেকহোল্ডারগণ সভায় অংশগ্রহণ করেন।



প্রধান অতিথির বক্তব্য প্রদানরত ব্যবস্থাপনা পরিচালক (বাঁ থেকে দ্বিতীয়)

# মহাব্যবস্থাপক ড. মোয়াজ্জাম -এঁর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত


অনুষ্ঠান শেষে ফুলের তোড়া গ্রহণ করছেন ড. মোয়াজ্জাম (বাঁ থেকে ৬ষ্ঠ)

বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপক ড. সৈয়দ মোহাম্মাদ মোয়াজ্জাম হোসেন-এঁর অবসরজনিত বিদায় সংবর্ধনা গত ৬ অক্টোবর, বৃহস্পতিবার অপরাহ্নে কর্পোরেশনের পর্ষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান সভাটিতে সভাপতিত্ব করেন। প্রতিষ্ঠানের সকল মহাব্যবস্থাপক এবং সদর দফতরে কর্মরত সকল উপমহাব্যবস্থাপকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। ড. মোয়াজ্জাম এঁর বিদায় সংবর্ধনায় বিভিন্ন বিভাগের মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপকবৃন্দ তাঁর সাথে কাজের অভিজ্ঞতা এবং ব্যক্তগত সম্পর্ক বিষয়ে স্মৃতিচারণ করেন। এসময় সকলে তাঁর সততা, দক্ষতা, কর্মীবান্ধব মনোভাব, বিনয়ী আচরণ ও পান্ডিত্য বিষয়ে প্রশংসা করেন। বিদায়ী অতিথির ভাষণে ড. সৈয়দ মোহাম্মাদ মোয়াজ্জাম হোসেন আনুষ্ঠানিক এ বিদায় সংবর্ধনার জন্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক ও সভার সভাপতি তাঁর বক্তব্যে ড. মোয়াজ্জাম-এঁর মতো দক্ষ ও নিবেদিতপ্রাণ সৎ কর্মকর্তার এ বিদায়জনিত শূন্যতা কর্পোরেশন দীর্ঘদিন অনুভব করবে মর্মে উল্লেখ করেন। সবশেষে তিনি ড. মোয়াজ্জাম-এঁর সুস্থ্যতা ও দীর্ঘ অবসরজীবন কামনা করেন।


গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক প্রকাশনা

প্রধান পৃষ্ঠপোষক
**মো. আব্দুল মান্নান**
ব্যবস্থাপনা পরিচালক

নির্বাহী সম্পাদক
**অরুন কুমার চৌধুরী**
উপব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক
**মো. বদিউজ্জামান**
উপমহাব্যবস্থাপক
মার্কেটিং এন্ড ডেভে: বিভাগ

সহযোগী সম্পাদক
**মো. রফিকুল ইসলাম**
প্রিন্সিপাল অফিসার
ট্রেনিং ইনস্টিটিউট

শিল্প সম্পাদক
**মো. ইমতিয়াজুল ইসলাম**
সিনিয়র অফিসার
পিএইচআরডি বিভাগ

প্রকাশনা
**পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ**
বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd